ক-৪৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
Web site : www.udd.gov.bd
Fax : 9557868

বিষয় ঃ ডিসেম্বর/২০১৬ মাসের প্রাক-সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক, পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

তারিখ ও সময় ঃ ০১/১২/১৬ ইং সকালঃ ০৯.৩০ ঘটিকা।

স্থান ঃ নগর উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষে।

উপস্থিতির তালিকা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচী অনুসারে পর্যায়ক্রমে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১ | প্রাক সমন্বয় সভা অনুষ্ঠান প্রসংগে। | দপ্তরের নভেম্বর/২০১৬ মাসের মন্ত্রণালয়ে পত্রাদি নিস্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। | ১। নগর উন্নয়ন অধিদপ্তরের পত্রাদির নিস্পত্তির হার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>২। সচিবালয়ের গেইটে কোন চিঠি না দিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিভাগে পৌছাতে হবে।<br>৩। প্রতিমাসের ১ তারিখের মধ্যে সব প্রতিবেদন মন্ত্রণালয়ে সরাসরি/ ই-মেইল/ ফ্যাক্স এর মাধ্যমে প্রেরণ করতে হবে।<br>৪। মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের প্রাপ্তি ফোন করে নিশ্চিত করতে হবে।<br>৫। প্রতি মাসের শেষ কর্ম দিবসে শুদ্ধাচার প্রতিবেদন অতিরিক্ত সচিব (উন্নয়ন-১) এর নিকট প্রেরণ করতে হবে। | প্রশাসন শাখা। |
| ২.২ | বিভিন্ন উন্নয়ন কর্তৃপক্ষ আইন প্রণয়ন/ সংশোধন | নগর ও অঞ্চল পরিকল্পনা আইন-২০১৫ এর উপর আলোচনা করা হয়। এ বিষয়ে পরিচালক মহোদয় সভাকে অবহিত করেন যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে উক্ত আইনের উপর আন্তঃ মন্ত্রণালয় সভা আহ্বান করা হবে। | আন্তঃমন্ত্রণালয় সভার জন্য নগর ও অঞ্চল পরিকল্পনা আইন-২০১৫ এর ৫ (পাঁচ) কপি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে অতি দ্রুত প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার<br>জনাব ইয়ারুন্নেছা খানম, সহঃ প্ল্যানার |
| ২.৩ | অডিট আপত্তি নিস্পত্তিকরন প্রসংগে। | পূর্ত অডিট অধিদপ্তরের গত ২২/১১/২০১৬ ইং তারিখের ডিজি/পূর্ত অডিট/রি-১/ এআইআর/ ন.উ.অ./ ১৯৯৯-২০০৮/৭৭২/৭৮০ নং স্মারকের মাধ্যমে নগর উন্নয়ন অধিদপ্তরের সাধারণ আপত্তিগুলি নিস্পত্তি করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। তাছাড়া আভ্যন্তরীণ ২টি অডিট আপত্তি ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। | নগর উন্নয়ন অধিদপ্তরের ২০১৩-১৪ সাল হতে পরবর্তী সময়ের অডিট কার্যক্রম সম্পন্ন করার জন্য অভ্যন্তরীন অডিট অধিদপ্তরকে আহ্বান করে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা)<br>খ) প্রশাসনিক কর্মকর্তা |
| ২.৪ | ক) ই-সেবা কার্যক্রম ও সেবা সহজীকরণ। | ক) আপলোড- ২০১৬ সালের বিশ্ব বসতি দিবসের স্মরণিকাগুলোকে স্ক্যান এবং স্মরণিকা ২০১৬ অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তাছাড়া ওয়েবমেইল চালু করা সহ প্রধান কার্যালয়ে অফিসিয়াল ফেইসবুক পেজ চালু করা হয়েছে। জনাব আসাদুজ্জামান, সিনিয়র প্ল্যানার এর আন্তর্জাতিক মেশিন রিডেবল পাসপোর্টি করার | ওয়েব সাইটে আপলোড কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | জন্য বিভাগীয় অনাপত্তি পত্র, সিনিয়র প্ল্যানার জনাব শাহীন আহম্মেদকে International Urban Training Centre of the Republic of Korea এবং UN-Habitat কর্তৃক নভেম্বর ০৬-১৩ তারিখ পর্যন্ত ট্রেনিং প্রোগ্রামে অংশগ্রহনের নিমিত্ত দপ্তর হতে অবমুক্তির অফিস আদেশ, পরিচালক ড. কে.জেড এইচ তৌফিকের Permission to attend the workshop to be held in Japan পত্রের কপি আপলোড করা হয়েছে। জনাব এস.এম. সাইদুল ইসলাম, নক্সাকার মান-৩ এর আন্তর্জাতিক মেশিন রিডেবল পাসপোর্ট করার জন্য বিভাগীয় অনাপত্তি পত্র এবং সিনিয়র প্ল্যানার জনাব শাহীন আহম্মেদের Permission to attend Action Planning for City Prosperity Index in Korea পত্রের কপি আপলোড করা হয়েছে।<br><br>**অনাপত্তি/ছাড়পত্র-** বিজয় সরণিস্থিত কলমিলতা মার্কেট এর ০.২৪৮৩ একর ভূমি অধিগ্রহনের অনাপত্তি পত্র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। চট্টগ্রাম সড়ক বিভাগাধীন চট্টগ্রাম-রাঙামাটি জাতীয় মহাসড়কের (এন-১০৬) চট্টগ্রাম (অক্সিজেন মোড়)-হাটহাজারী অংশে বিভিন্ন কি: মি: এ ডিভাইডার সহ প্রশস্থকরণ শীর্ষক প্রকল্পের জন্য ০.০৯০৫ একর (০.০৩৬৬ হেক্টর) জমি অধিগ্রহণ বিষয়ে অনাপত্তিপত্র, টেকনিক্যাল স্কুল ও কলেজ নির্মানের লক্ষ্যে অনাপত্তিপত্র, বিরুলিয়া মৌজায় ২৩০/১৩১ কেভি জি.আই.এস গ্রীড উপকেন্দ্র নির্মানের জন্য ভূমি অধিগ্রহনে অনাপত্তি, ঢাকা খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ি ইন্টারসেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাচ্চর ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৬ লেনে উন্নয়ন শীর্ষক প্রকল্পের ভূমি অধিগ্রহনের অনাপত্তি, রাজশাহী মহানগরীর কল্পনা সিনেমা হল হতে তালাইমারী মোড় পর্যন্ত সড়ক প্রশস্থকরণ ও উন্নয়ন শীর্ষক প্রকল্পে ভূমি অধিগ্রহনে অনাপত্তি পত্র আপলোড করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | | |
| | খ) A2I ওয়েব সাইটে ম্যাপ সংরক্ষণ বিষয়ে আলোচনা। | খ) ওয়েবসাইটে যা কিছু আপলোড করা হয় তা ভিজ্যুয়াল করার জন্য সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করার পরও ওয়েবসাইটের নোটিশ বোর্ডে আপলোড করা হয় মর্মে সভাকে অবহিত করা হয়। | খ) আপলোড কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | খ) (১) জনাব মাকসুদ হাসেম ,সিনিয়র প্ল্যানার (২) জনাব আহসান হাবীব, সহ: প্ল্যানার |
| | গ) পি এম এস (প্রজেক্ট মনিটরিং সিস্টেম) বিষয়। | গ) অন লাইনে পি এম এস সিস্টেম অধিদপ্তরের চলমান প্রকল্প সমূহের তথ্যসমূহ ও অন্যান্য ডাটা আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | গ) অন লাইনে পি এম এস সিস্টেম এ চলমান প্রকল্প সমূহের ডাটা আপলোড কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | গ) সহকারী প্রকৌশলী, জনাব মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | ঘ) ই-টেন্ডারিং | ঘ) ২০১৬-১৭ অর্থ বছরে জানুয়ারী মাস হতে ই-টেন্ডারিং করার বিষয়ে আলোচনা করা হয়। | ঘ) ২০১৬-১৭ অর্থ বছর হতে রাজস্ব ও উন্নয়ন খাত ই-টেন্ডারিং চালু করার জন্য জনাব মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার ও জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, সহকারী প্রকৌশলী CPTU তে যোগাযোগ পূর্বক দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ঘ) ১) জনাব মাকসুদ হাসেম, সিঃ প্ল্যানার<br>২) জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, সহঃ প্রঃ<br>৩) আহসান হাবীব, সহকারী প্ল্যানার, |
| | ঙ) সামগ্রিক আর্কাইভ | ঙ) নগর উন্নয়ন অধিদপ্তরের সামগ্রিক আর্কাইভ বিষয়ে সভাকে অবহিত করা হয়। নগর উন্নয়ন অধিদপ্তরের যাবতীয় তথ্যাদি প্রধান কার্যালয়ে স্থায়ীভাবে সংরক্ষণ করার জন্য কার্যক্রম অব্যাহত আছে। আঞ্চলিক অফিসগুলোও আঞ্চলিক তথ্যসমূহ স্ক্যান করে স্ব-স্ব আঞ্চলিক অফিসে সংরক্ষণ করবে মর্মে সভায় আলোচনা করা হয়। | ঙ) নগর উন্নয়ন অধিদপ্তরের যাবতীয় তথ্যাদি স্থায়ীভাবে সংরক্ষণ করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ঙ) ১) জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান, সিনিয়র প্ল্যানার,<br>২) মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার<br>৩) সকল সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিসসমূহ। |
| ২.৫ | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও শুদ্ধাচার কাঠামোর বিষয়ে সভাকে অবহিত করা হয়। | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও শুদ্ধাচার কাঠামো মোতাবেক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান,সিনিয়র প্ল্যানার<br>খ) সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস সমূহ |
| ২.৬ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি Annual Performance Agreement (APA) | নগর উন্নয়ন অধিদপ্তরের আঞ্চলিক অফিসের সাথে প্রধান কার্যালয়ের Annual Performance Agreement (APA) চুক্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জানুয়ারী/১৭ মাসের প্রাক মাসিক সমন্বয় সভায় Annual Performance Agreement (APA) এর বিষয়ে অত্র দপ্তরের আঞ্চলি অফিস, প্রধান কার্যালয় এবং মন্ত্রণালয়ের সাথে যে চুক্তি হয়েছে তা উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সহকারী প্রকৌশলী<br>খ) জনাব মাকসুদ হাসেম, সিঃ প্ল্যানার |
| ২.৭ | সিটিজেন চার্টার বাস্তবায়ন | নগর উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় সহ আঞ্চলিক অফিস সমূহে সিটিজেন চার্টার স্থাপন বিষয়ে আলোচনা করা হয়। | নগর উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় সহ আঞ্চলিক অফিস সমূহে সিটিজেন চার্টার ডিসেম্বর/২০১৬ মাসের মধ্যে ঝুলানোর সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া সেবা গ্রহীতার মতামত ফরমসমূহ প্রণয়নপূর্বক সংগ্রহ করা ও ওয়েবসাইটে আপ-লোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সহকারী প্রকৌশলী।<br>খ) সিনিয়র প্ল্যানার, সকল আঞ্চলিক অফিস |
| ২.৮ | কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এর চাহিত প্রতিবেদন প্রেরণ | মন্ত্রিপরিষদ বিভাগের চাহিত প্রতিবেদন প্রশাসন-৩ অধিশাখায় নিয়মিত প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের চাহিত প্রতিবেদন প্রশাসন-৩ অধিশাখায় নিয়মিত প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জনাব কাজী মোঃ ফজলুল হক, সিনিয়র প্ল্যানার<br>খ) প্রশাসনিক কর্মকর্তা |
| বিবিধ | ১। গবেষণা | নগর উন্নয়ন অধিদপ্তরের ২০১৬-১৭ অর্থ বছরের গবেষণা বিষয়ে সভায় নিম্মোক্ত আলোচনা করা হয় ঃ<br>(ক) জনাব মোহসিনাত নাসরিন ও জনাব খবির উদ্দিন আহম্মেদ- "অর্থনীতি ও ভূমি ব্যবহার ঃ বেনাপোল ও যশোর হাইওয়ে করিডোর" শীর্ষক গবেষণার প্রস্তাবনা, এপিপি ও ওয়ার্ক প্ল্যান উপস্থাপন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>(খ) জনাব ইসরাত জাহান, প্ল্যানার ও জনাব ইসরাত জাহান, গবেষণা কর্মকর্তা: "Rythm of Mymensingh City" | গবেষণা প্রস্তাবনা বিষয়ে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয় :<br><br>(ক) ওর্য়াক প্ল্যান অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) "Rythm of Mymensingh City" শীর্ষক গবেষণার প্রস্তাবনা, এপিপি ও ওয়ার্ক প্ল্যান সংশোধন পূর্বক পুনরায় | ১। সিনিয়র প্ল্যানার জনাব আহমেদ আখতারুজ্জামান,<br>২। সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস সমূহ।<br>৩। জনাব ইসরাত জাহান, গবেঃ কর্মকর্তা<br>৪। জনাব ইসরাত জাহান, প্ল্যানার<br>৫। জনাব তানভীর হাসান রেজাউল, প্ল্যানার<br>৬।জনাব মোহসিনাত |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | শীর্ষক গবেষণা কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করেন।<br><br>(গ) **জনাব তানভীর হাসান রেজাউল, প্ল্যানার:** নগর উন্নয়ন অধিদপ্তরের ১৯৬৫ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত সম্পাদিত কর্মকান্ডের উপর গবেষণার প্রস্তাবনা, এপিপি ও ওয়ার্ক প্ল্যান উপস্থাপন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br><br>(ঘ) রাজশাহী, সিলেট, বরিশাল ও কক্সাবাজার আঞ্চলিক অফিস হতে প্রস্তাবিত গবেষণার সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করা হয়। | উপস্থাপন করে ওয়ার্ক প্ল্যান অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) ওর্য়াক প্ল্যান অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) ওর্য়াক প্ল্যান অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- সকল গবেষণা প্রতিবেদন প্রকাশনার ক্ষেত্রে ISBN নাম্বার সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নাসরিন, প্ল্যানার<br>৭। জনাব খবির উদ্দিন আহম্মেদ, অর্থনীতিবিদ |
| | ২। ২০১৬-১৭ অর্থ বছরে রাজস্ব বাজেট | অত্র অধিদপ্তরের ২০১৬-১৭ অর্থ বছরে রাজস্ব বাজেট বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সকল উপ প্রাক্কলন কমিটির আহ্বায়কবৃন্দ স্ব-স্ব অর্থনৈতিক কোডের সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করেন। | - রাজস্ব বাজেট খরচের প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>-আঞ্চলিক অফিস সমুহ ডিসেম্বর/১৬ মাসের ২য় সপ্তাহের মধ্যে এপিপি অনুমোদন করাতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল আহ্বায়ক (উপ কমিটি)<br>খ) সিঃ প্ল্যানার, আঞ্চলিক অফিসসমূহ<br>গ) সহকারী প্রকৌশলী<br>ঘ) প্রশাসনিক কর্মকর্তা |
| | ৩। ইউডিডি ভবনের জন্য জমি ও অন্যান্য আঞ্চলিক অফিস সমুহের জন্য জমি বরাদ্দ সংক্রান্ত | নগর উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় সহ আঞ্চলিক অফিসের জন্য জমি বরাদ্দের বিষয়ে সভায় আলোচনা করা হয়। উল্লেখ্য, সিলেট ও বরিশাল আঞ্চলিক অফিসের জন্য জমি বরাদ্দের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | সংশ্লিষ্ট বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক) **কেন্দ্রীয় কার্যালয়:** গণপূর্ত, স্থাপত্য অধিদপ্তরসহ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখা।<br>খ) **রাজশাহী:** জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ পূর্বক বরাদ্দকৃত জমি বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ) **বরিশাল ও সিলেট** আঞ্চলিক অফিস জমি বরাদ্দ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্ল্যানার<br>খ) সিনিয়র প্ল্যানার, রাজশাহী<br>গ) সিনিয়র প্ল্যানার, সিলেট, বরিশাল<br>ঘ) প্রশাসন শাখা. |
| | ৪। প্রশিক্ষণ সংক্রান্ত | সিনিয়র প্ল্যানার (ট্রেনিং এন্ড ডকুমেন্টেস) সভাকে এ বিষয়ে অবহিত করেন। ইতিমধ্যে SOB এর মাধ্যমে RTK ও GPS সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br>- **মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক** প্রধান কার্যালয় এবং আঞ্চলিক অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীর বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণ গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। | - মন্ত্রী পরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে প্রতিটি আঞ্চলিক অফিস সহ প্রধান কার্যালয়ে ২০১৬-১৭ অর্থ বছরে ০২টি করে সচেতনতা বৃদ্ধিমূলক ইনহাউজ শুদ্ধাচার প্রশিক্ষণ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক প্রধান কার্যালয় এবং আঞ্চলিক অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীর বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান পুর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট মাসিক অগ্রগতি রির্পোট প্রেরন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র প্ল্যানার (ট্রেনিং এন্ড ডকুমেন্টেস), আঞ্চলিক ও প্রধান কার্যালয়ের সকল সিনিয়র প্ল্যানারগণ। সহকারী প্রকৌশলী, প্রশাসন শাখা এবং হিসাব শাখা |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | -জনপ্রশাসনে উদ্ভাবনী চর্চা বিষয়ে কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ৫। ফার্নিচার মেরামত ও অকেজো আসবাবপত্র নিলাম সংক্রান্ত বিষয় | মেরামতযোগ্য আসবাবপত্র এবং অকেজো আসবাবপত্রের তালিকা প্রস্তুত করার কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করা হয়। | মেরামতযোগ্য আসবাবপত্র এবং অকেজো আসবাবপত্রের তালিকা চুড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সহকারী প্রকৌশলী<br>খ) আহ্বায়ক, আসবাবপত্র মেরামত উপ-কমিটি। |
| | ৬। ইতিমধ্যে সম্পাদিত পরিকল্পনা সমূহের ফলো আপ আলোচ্য ঃ কক্সবাজার, বরিশাল, সিলেট, মাদারীপুর, ফুলছড়ি, ময়মনসিংহ | **কক্সবাজার-** জেলা প্রশাসক মহোদয়কে মাষ্টার প্ল্যান অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার জন্য কক্সবাজার আঞ্চলিক অফিসের গত ১৬/১১/২০১৬ ইং তারিখের এল-১/২০১৬/১১৫ নং স্মারকের মাধমে মাষ্টার প্ল্যানের কপি সহ পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br><br>**বরিশাল-** বরিশাল মাষ্টার প্ল্যানের কপি জেলা প্রশাসক মহোদয়কে সরবরাহ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br><br>**সিলেট-** এ বিষয়ে সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করা হয়।<br><br>**ময়মনসিংহ-** ময়মনসিংহ মাষ্টার প্ল্যান ~~পুনঃ~~ প্রণয়নের কার্যক্রম চলমান আছে।<br><br>**ফুলছড়ি-** এ বিষয়ে সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করা হয় | **কক্সবাজার-** জেলা প্রশাসক কে মাষ্টার প্ল্যান অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বরিশাল-** জেলা প্রশাসক এর মাসিক সমন্বয় সভায় উপস্থিত হওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে।<br><br>**সিলেট-** জেলা প্রশাসক এর মাসিক সভায় উপস্থিত হওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে। সিলেট মাষ্টার প্ল্যানের কপি জেলা প্রশাসককে সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**ফুলছড়ি-** ফুলছড়ি মাষ্টার প্ল্যানের বিষয়ে গণশুনানীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট আঞ্চলিক অফিস সমূহের সিনিয়র প্ল্যানারগণ। |
| | ৭। পরিস্কার পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ কাজ | পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পরিস্কার পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্ল্যানার |
| | ৮। দপ্তরের হাজিরা প্রস্থান ও কর্মচারীদের সাপ্তাহিক কার্যতালিকার প্রতিবেদন। | হাজিরা প্রতিবেদন ২০ তারিখের মধ্যে হিসাব শাখায় প্রেরন এবং কর্মচারীদের হাজিরা বহি পরিচালক মহোদয়ের নিকট উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | - সংশ্লিষ্ট কুন্ট্রোলিং অফিসারগণ হাজিরা প্রতিবেদন হিসাব শাখা ও প্রশাসন শাখায় প্রেরণের বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- হাজিরা প্রতিবেদন অনুযায়ী হিসাব রক্ষণ কর্মকর্তাকে কর্মচারীদের বেতন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- প্রতিমাসে মাসিক সমন্বয় সভায় কর্মচারীদের হাজিরা প্রতিবেদন হিসাব রক্ষণ কর্মকর্তাকে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল নিয়ন্ত্রণকারী কর্মকর্তা<br>খ) হিসাবরক্ষণ কর্মকর্তা<br>গ) প্রশাসনিক কর্মকর্তা |
| | ৯। লাইব্রেরীর ডাটা সংরক্ষণ | অত্র দপ্তরের লাইব্রেরীতে ডাটা সংরক্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়। | - অত্র দপ্তরের লাইব্রেরীতে ডাটা, মাষ্টার প্ল্যান, রিপোর্ট ও ম্যাপ সমূহ ইত্যাদি স্থায়ীভাবে সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- অত্র দপ্তরের লাইব্রেরীতে যখনই কোন বই,সাময়িকী ইত্যাদি আসবে তখনই লাইব্রেরীর রেজিষ্ট্রার খাতায় অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রতি ৩ মাস অন্তর লাইব্রেরীর ডাটাবেজ ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান, সিনিয়র প্ল্যানার<br>২। সমাজবিজ্ঞানী |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | ১০। সেমিনার | নগর উন্নয়ন অধিদপ্তরের প্রত্যেক আঞ্চলিক অফিস চলতি অর্থ বছরে দুইটি করে সেমিনার এবং প্রধান কার্যালয়ে ৪টি সেমিনার আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। প্রধান কার্যালয়ের ৪টি সেমিনারের মধ্যে ১টি সেমিনার অত্র দপ্তরের সকল প্রকল্পের উপর এবং বাকী ৩টি সেমিনার অত্র অর্থ বছরের চলমান গবেষণা কর্মকান্ড অথবা পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পরিচালিত হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | জানুয়ারী,২০১৭ হইতে জুন,২০১৭ এর মধ্যে সংশ্লিষ্ট সেমিনারগুলো সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জনাব আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার<br>খ) সিনিয়র প্ল্যানার, সকল আঞ্চলিক অফিস। |
| | ১১। প্রকাশনা | ২০১৬-১৭ অর্থ বছরের নগর উন্নয়ন অধিদপ্তরের প্রকাশনা বিষয়ে সভাকে অবহিত করা হয়। ইতিমধ্যে Habitat-III এর National Country Paper, Bangladesh প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | -২০১৬-১৭ অর্থ বছরের নগর উন্নয়ন অধিদপ্তরের পরিকল্পনা বার্তা, বার্ষিক প্রতিবেদন ইত্যাদি প্রকাশনা জুন, ২০১৭ এর মধ্যে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনাব আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার<br>২। জনাব ইয়ারুন্নেছা খানম, সহঃ প্ল্যানার |
| | ১২। Table of Equipment (TO&E) -তে সমাপ্ত প্রকল্পসমূহের যন্ত্রপাতি অর্ন্তভুক্তকরণ। | Table of Equipment (TO&E) -তে সমাপ্ত প্রকল্পসমূহের যন্ত্রপাতি অর্ন্তভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা করা হয়। | Table of Equipment (TO&E) -তে অর্ন্তভুক্তকরণের জন্য মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সহকারী প্রকৌশলী<br>খ) সমাজিবিজ্ঞানী<br>গ) প্রশাসনিক কর্মকর্তা |
| | ১৩। নিয়োগ বিধি, পদবী পরিবর্তন | ০২ (দুই) ক্যাটাগরীর পদবী পরিবর্তন বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ সংক্রান্ত কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে বলে সভাকে জানানো হয়। | এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা)<br>খ) জনাব আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার |
| | ১৪। UDD ভবন রক্ষণাবেক্ষণ গণপূর্ত অধিদপ্তরের বহিতে অর্ন্তভুক্ত করণ | UDD ভবন রক্ষনাবেক্ষণ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের বহিতে অর্ন্তভুক্ত করণের জন্য গণপূর্ত অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। (০৮/১২/২০১৫ ইং তারিখের ২৫.৪৫.০০০০.০০০.০৩.১৬.৬.০৮-২১৮৩ নম্বর পত্র) | এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সহকারী প্রকৌশলী<br>খ) প্রশাসনিক কর্মকর্তা |
| | ১৫। বৈদেশিক প্রশিক্ষণ | বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনারে অংশ গ্রহণ বিষয়ে হালনাগাদ তথ্য সভাকে অবহিত করা হয়। পরিচালক মহোদয় ০৪/১১/১৬ হতে ০৯/১১/২০১৬ পর্যন্ত জাপানে ওয়ার্কশপে এবং সিনিয়র প্ল্যানার জনাব শাহীন আহম্মেদ কোরিয়ায় ০৬/১১/২০১৬ হইতে ১৩/১১/২০১৬ পর্যন্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন মর্মে সভাকে অবহিত করা হয়। | বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনারে অংশ গ্রহণ বিষয়ে হালনাগাদ তথ্য প্রাক-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক কর্মকর্তা |
| | ১৬। ভান্ডারিয়া উপজেলা মাষ্টার প্ল্যান বিষয় | ভান্ডারিয়া মাষ্টার প্ল্যান বিষয়ে সভায় আলোচনা করা হয়। ভান্ডারিয়া উপজেলার মাষ্টার প্ল্যানের বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ করা হয়েছে এবং সবুজ পাতায় অর্ন্তভুক্তির জন্য পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগে পাঠানো হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | এ বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র প্ল্যানার, বরিশাল আঞ্চলিক অফিস |
| | ১৭। মীরের সরাই ডিপিপি প্রণয়ন | মীরের সরাই ডিপিপি সংশোধন পূর্বক গত ০৩/১১/২০১৬ ইং তারিখে ২৫. ৪৫. ০০০০.০০০.২৩.৯১.০৫-২৩৩০ নম্বর | এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সিনিয়র প্ল্যানার, জনাব আহমেদ আখতারুজ্জামান |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| | | স্মারকের মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | | খ) জনাব ইয়ারুন্নেছা খানম, সহঃ প্ল্যানার |
| | ১৮। কুষ্টিয়া প্রকল্পের অগ্রগতি | কুষ্টিয়া প্রকল্পের বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। কুষ্টিয়া প্রকল্পের এখন পর্যন্ত অর্থ ছাড় করা হয়নি। এ বিষয়ে কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করা হয়। | - কুস্টিয়া প্রকল্পের বিষয়ে পরিকল্পনা কমিশন এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>- অর্থ ছাড়ের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে আলোচনা করে সমাধান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) প্রকল্প পরিচালক ও সিনিয়র প্ল্যানার, খুলনা আঞ্চলিক অফিস<br>খ) জনাব ইসরাত জাহান, গবেষণা কর্মকর্তা ও প্রকল্প ব্যবস্থাপক |
| | ১৯। হায়ারিং চার্জ (৪৮৯৩) কোড সৃজন | হায়ারিং চার্জ (৪৮৯৩) কোড সৃজন বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। (স্মারক নং-২৫. ৪৫. ০০০০. ০০০. ০২. ১০. ০১.১৩-১৬৬৩,তারিখ: ০২/০৮/২০১৬)। | হায়ারিং চার্জ (৪৮৯৩) কোড সৃজন বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক কর্মকর্তা, হিসাব রক্ষক |
| | ২০। আঞ্চলিক অফিস সমূহের কর্মপরিকল্পনা | আঞ্চলিক অফিস সমূহের কর্মপরিকল্পনা ও কোডভিত্তিক বাজেট খরচ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রধান কার্যালয় ও আঞ্চলিক অফিস সমূহের APP দ্রুত অনুমোদন পুর্বক কার্যক্রম সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সকল উপ-কমিটির আহ্বায়কবৃন্দ<br>২। সিনিয়র প্ল্যানার (সকল আঞ্চলিক অফিস)।<br>৩। প্রশাসনিক কর্মকর্তা |
| | ২১। অর্গানোগ্রাম সংক্রান্ত | নগর উন্নয়ন অধিদপ্তরের প্রস্তাবিত অর্গানোগ্রাম বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অর্গানোগ্রাম চুড়ান্ত করার নিমিত্ত একটি কমিটি গঠন বিষয়েও আলোচনা করা হয়। | অত্র অধিদপ্তরের অর্গানোগ্রাম চূড়ান্ত করার নিমিত্ত আগ্রহী কর্মকর্তাগণ জনাব মোঃ জাহাঙ্গীর আলী, সিনিয়র জিওগ্রাফার; জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার; জনাব উদয় শংকর দাস, সিনিয়র প্ল্যানার; জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, সহকারী প্রকৌশলী; জনাব মোঃ সফিকুল ইসলাম খান, সমাজবিজ্ঞানী; জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান, ভূগোলবিদ; জনাব তানভীর হাসান রেজাউল, প্ল্যানার; জনাব মোঃ ফখরুল ইসলা, প্ল্যানার; জনাব খবির উদ্দিন আহমেদ, অর্থনীতিবিদ; জনাব মোঃ মোক্তার আলম, প্রশাসনিক কর্মকর্তা এবং কর্মচারী ইউনিয়ন পরিষদের সভাপতি ও সেক্রেটারীক সংযুক্ত করে পরিচালক মহোদয়ের তত্ত্বাবধানে অর্গানোগ্রাম প্রস্তুতকরণ সংক্রান্ত একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটি অর্গানোগ্রাম চুড়ান্ত করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। | প্রশাসন শাখা |
| | ২২। যাবতীয় তথ্য কর্মকর্তাগণের ই-মেইলে প্রেরণ এবং নোটিশ বোর্ডে প্রদান | নগর উন্নয়ন অধিদপ্তরের যাবতীয় অফিসিয়াল পত্রাদি/ডকুমেন্ট হার্ডকপির সাথে সাথে স্ক্যান কপি কর্মকর্তাগণের ই-মেইলে প্রেরণ ও প্রযোজ্য ক্ষেত্রে নোটিশ বোর্ডে প্রদান বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নগর উন্নয়ন অধিদপ্তরের যাবতীয় অফিসিয়াল পত্রাদি/ডকুমেন্ট হার্ডকপির সাথে সাথে স্ক্যান কপি কর্মকর্তাগণের অফিসিয়াল ই-মেইলে প্রেরণ ও প্রযোজ্য ক্ষেত্রে নোটিশ বোর্ডে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন শাখা |

সভাপতি মহোদয় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক)
পরিচালক (চলতি দায়িত্ব)
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৬২৭২৮

স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.১৩.১২.১২-
তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ

১। উপ-সচিব (প্রশাসন-৩ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মাকসুদ হাসেম)
সিনিয়র প্ল্যানার ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫১৫৫২৮

স্মারক নং-২৫.৪৫.০০০০.০০০.১৩.১২.১২-
তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা)/উপ-পরিচালক (গবেষনা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

২। সিনিয়র প্ল্যানার (আরবান প্ল্যানিংও ফোকাল পয়েন্ট কর্মকর্তা)/ সিনিয়র প্ল্যানার (টাউন প্ল্যানিং) /সিনিয়র প্ল্যানার (থানা সেন্টার প্লানিং-১) /সিনিয়র প্ল্যানার (ট্রেনিং, ডকুমেন্টশন এন্ড প্লানিং সেল)/সিনিয়র প্ল্যানার (রিজিওনাল প্ল্যানিং),/সিনিয়র প্ল্যানার (থানা সেন্টার প্ল্যানিং-২), নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৩। সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা / রাজশাহী/বরিশাল/সিলেট/কক্সবাজার আঞ্চলিক অফিস।

৪। জনাব. ...... ............ ....... .প্ল্যানার (সকল)/সহকারী প্ল্যানার (সকল), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৫। সহকারী প্রকৌশলী (সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৭। সমাজবিজ্ঞানী, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৮। ভূগোলবিদ, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৯। গবেষণা কর্মকর্তা, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

১০। অর্থনীতিবিদ, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

১১। পরিকল্পনা সহকারী ও সহকারী প্রকৌশলী (সার্ভে এন্ড ষ্টোর এর অতিরিক্ত দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১২। পরিচালক মহোদয়ের মাষ্টার ফাইল।

(মোঃ মোক্তার আলম)
প্রশাসনিক কর্মকর্তা
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা।
Web site : www.udd.gov.bd
Fax : 9557868

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অনুষ্ঠিতব্য ডিসেম্বর/২০১৬ মাসে মাসিক সমন্বয় সভার প্রস্তুতিমূলক হিসাবে প্রাক সভায়
**উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ঃ**

সভাপতি ঃ পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
স্থান ঃ অত্র দপ্তরের সভা কক্ষ।
সময় ঃ সকাল ০৯:৩০ ঘটিকা।
তারিখ ঃ ০১/১২/২০১৬ ইং ।

| ক্রমিক | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১. | জনাবা ফারজানা সমীরউদ্দিন<br>উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা) | 01.12.16 |
| ২. | জনাব মোঃ জাহাঙ্গীর আলি<br>সিনিয়র জিওগ্রাফার ও সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব), রাজশাহী আঞ্চলিক অফিস | ০১.১২.১৬ |
| ৩. | জনাব মাকসুদ হাসেম<br>সিনিয়র প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা | 01/12/16 |
| ৪. | জনাব শাহীন আহম্মেদ<br>সিনিয়র প্ল্যানার | Shaheen Ahmed 01/12/16 |
| ৫. | জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান<br>সিনিয়র প্ল্যানার | |
| ৬. | জনাব আহমেদ আখতারুজ্জামান<br>সিনিয়র প্ল্যানার | |
| ৭. | জনাব কাজী মোঃ ফজলুল হক<br>সিনিয়র প্ল্যানার | ১/১২/২০১৬ |
| ৮. | জনাব উদয় শংকর দাস<br>সিনিয়র প্ল্যানার | ১/১২/১৬ |
| ৯. | জনাব প্রভাষ চন্দ্র কুন্ডু<br>সিনিয়র প্ল্যানার, খুলনা আঞ্চলিক অফিস | ০১/১২/১৬ |
| ১০. | জনাব মাহমুদ হোসেন<br>সিনিয়র প্ল্যানার,সিলেট আঞ্চলিক অফিস | ০১/১২/২০১৬ |
| ১১. | জনাব আসাদুজ্জামান<br>সিনিয়র প্ল্যানার, বরিশাল আঞ্চলিক অফিস | ১/১২/২০১৬ |
| ১২. | জনাব মোঃ নাজিম উদ্দীন<br>সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব), কক্সবাজার আঞ্চলিক অফিস | 01.12.16 |
| ১৩. | জনাব মোহাম্মদ নুরুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী | ০১/১২/১৬ |
| ১৪. | জনাব মোঃ আহসান হাবীব<br>সহকারী প্ল্যানার | |
| ১৫. | জনাব ইয়ারুন্নেছা খানম<br>সহকারী প্ল্যানার | ০১/১২/১৬ |
| ১৬. | জনাব মোঃ মজিবুর রহমান<br>হিসাব রক্ষন কর্মকর্তা | |
| ১৭. | জনাব শফিকুল ইসলাম খান<br>সমাজবিজ্ঞানী | |

| ক্রমিক | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১৮. | জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান<br>ভূগোলবিদ | ০১/১২/১৬ |
| ১৯. | জনাব  ইসরাত জাহান<br>গবেষণা কর্মকর্তা | 01.12.16 |
| ২০. | জনাব ফৌজিয়া শারমিন তিথি<br>প্ল্যানার | |
| ২১. | জনাব মোঃ তানভীর হাসান রেজাউল<br>প্ল্যানার | ০১/১২/২০১৬ |
| ২২. | জনাব ইসরাত জাহান<br>প্ল্যানার | Israt Jahan<br>01.12.16 |
| ২৩. | জনাব জাকিয়া সুলতানা<br>প্ল্যানার | |
| ২৪. | জনাব মোঃ বোরহান উদ্দিন<br>পরিকল্পনা সহকারী | |
| ২৫. | জনাব খবির উদ্দিন আহমেদ<br>অর্থনীতিবিদ | ১/১২/১৬ |
| ২৬. | জনাব মোহসিনাত নাসরিন<br>প্ল্যানার | Nasrin<br>০১/১২/১৬ |
| ২৭. | জনাব মোঃ মোক্তার আলম<br>প্রশাসনিক কর্মকর্তা | |
| ২৮. | | |
| ২৯. | | |
| ৩০. | | |
| ৩১. | | |